# বোরো ধানের বীজতলায় ডিএপি ব্যবহারে কৃষক ভাইদের প্রতি পরামর্শ

**‘বীজতলায় সঠিক মাত্রায় ডিএপি ব্যবহারে বোরো ধানের সুস্থ সবল চারা মিলে’**

- ডিএপি সারে ইউরিয়া ও টিএসপি এ দু’টি সারেরই গুণাগুণ থাকে। ৫০ কেজি ডিএপি সার ব্যবহার করা হলে ৫০ কেজি টিএসপি ও ২০ কেজি ইউরিয়া সারের সমান কাজ হয়;
- ইউরিয়া সার থেকে কিছু নাইট্রোজেন এমোনিয়া গ্যাস হয়ে বাতাসে উড়ে যায়। তবে ডিএপি সারে নাইট্রোজেন ও ফসফরাস মিশানো অবস্থায় থাকে বলে অপচয় হয় না;
- ডিএপি সার খুব তাড়াতাড়ি পানিতে গলে যায়;
- ডিএপি ব্যবহারে চারা দ্রুত বাড়ে ও সবুজ থাকে;
- ডিএপি সারে চারার স্বাস্থ্য ভালো থাকে, চারা কম লাগে এবং গাছ সোজা থাকে;
- সুস্থ সবল চারার কারণে রোগবালাই প্রতিরোধ ক্ষমতা এবং চারার শীত সহনশীলতা বৃদ্ধি পায়;
- ডিএপি সরকারি ভর্তুকির আওতায় সরবরাহ করা হয় বিধায় কম দামে ও সহজে পাওয়া যায়।

বোরো বীজতলাসহ রবি মৌসুমে বিভিন্ন ফসল উৎপাদনে ডিএপি ও অন্যান্য রাসায়নিক সার সুষম মাত্রায় ব্যবহার করে বেশি ফসল উৎপাদন করুন এবং আর্থিকভাবে লাভবান হোন।

**বিস্তারিত তথ্যের জন্য উপসহকারি কৃষি অফিসার বা নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন। তাছাড়া, কৃষি বিষয়ক তথ্য পেতে যেকোনো মোবাইল অপারেটর থেকে কৃষি কল সেন্টারে (১৬১২৩ নম্বরে) ফোন করুন।**

প্রচারে : কৃষি তথ্য সার্ভিস, কৃষি মন্ত্রণালয়